



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬১৮১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১২১২০

তারিখ: ১২-০৯-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৭-০৯-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৮০৭০)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার শার্শা উপজেলাধীন বালুভা মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মোঃ তবিবুর রহমান একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২-০৯-২০২২

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার  
যশোর।

সংযুক্তি: অভিযোগের ছায়াছবি

নথি নং-বিঅ-৬/৬১৮১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১২১২০ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ: ১২-০৯-২০২২

১। জেলা প্রশাসক, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, শার্শা, যশোর।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শার্শা, যশোর।

৪। প্রধান শিক্ষক, বালুভা মাধ্যমিক বিদ্যালয়, বালুভা, শার্শা, যশোর।

৫। অভিযোগকারী, জনাব মোঃ তবিবুর রহমান (০১৯৬৯-৭৩৭৬৭২), বালুভা, শার্শা, যশোর।

৬। অফিস নথি।

১২-০৯-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

চেয়ারম্যান মহোদয়,  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,  
যশোর।

বিষয় : যশোর জেলার শার্শা উপজেলার বালুভা মাধ্যমিক বিদ্যালয় এর (EIN:116319) পরিচালনা  
পরিষদের নির্বাচনে অনিয়ম প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, যশোর শার্শা উপজেলার বালুভা মাধ্যমিক  
বিদ্যালয়ের পরিচালনা পরিষদের নির্বাচন গত ০৫/০৯/২০২২ তারিখে অকনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনের (১)  
আহাদ, পিতা আয়ুব আলী হরকরা, গ্রামঃ বালুভা, (২) সেলিম রেজা, পিতাঃ মোঃ মিজানুর রহমান, গ্রামঃ  
রাজাপুর, অভিভাবক সদস্য হিসাবে ফরম জমা করেন। কিন্তু দুইজনের কেউই ফরম জমা দেন নাই। অতচ  
দুজনই অভিভাবক সদস্য হিসাবে মনোনীত হয়েছেন।

আরও দুইজন সদস্য হাফিজুর, পিতা- মোঃ তাইজেল হোসেন, গ্রামঃ বালুভা এবং জসিম, পিতা-মৃত  
ইসমাইল মোড়ল, গ্রামঃ রাজাপুর কেউই তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করেন নাই। অথচ তাদের অভিভাবক  
সদস্য থেকে বাদ দেয়া হয়েছে।

পরবর্তীতে ভোটের দিন সভাপতি প্রার্থীদ্বয় ৪+৪ ভোট পেলে লটারী অনুষ্ঠিত হয়। লটারীর সময়  
প্রিজাইডিং অফিসার ২টা কাগজ এক পাত্রে রেখে ১টা কাগজ তুলে বলেন হাদিউজ্জামান নির্বাচিত হয়েছেন।  
অথচ লটারী কাগজ লেখার সময় ও নির্বাচিত হওয়ার পর যে কাগজে নাম লেখা হয়েছিল সেটাতে কার নাম  
লেখা ছিল তা আমাদের দেখানো হয় নাই।

অতএব, উপরোক্ত অবস্থা বিবেচনা করে নির্বাচন বাতিল পূর্বক পুনরায় অভিভাবক সদস্য ও সভাপতি  
নির্বাচন করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিলে এলাকাসী আপনার নিকট কৃতজ্ঞ থাকিবে।

তারিখ : ০৭/০৯/২০২২ ইং

বিনীত নিবেদক

শ্য: তবিবুর রহমান

(তবিবুর রহমান)

পিতা-মৃত নূর-মোহাম্মদ  
গ্রামঃ বালুভা, শার্শা, যশোর।  
মোবাঃ ০১৯৬৯-৭৩৭৬৭২